গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।
উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়,
মুজিবনগর, মেহেরপুর।

## অভ্যন্তরীণ বোরো ধান সংগ্রহ/২০২৬ এর মুজিবনগর উপজেলা খাদ্যশস্য সংগ্রহ ও মনিটরিং কমিটির সভার কার্যবিবরণী ঃ

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | সাইফুল হুদা<br>উপজেলা নির্বাহী অফিসার,<br>মুজিবনগর, মেহেরপুর। |
| সভার স্থান | ঃ | উপজেলা নির্বাহী অফিসারের অফিস কক্ষ। |
| তারিখ ও সময় | ঃ | ৩০/০৪/২০২৬ খ্রিঃ বেলা ১২:০০ ঘটিকা। |
| উপস্থিতি | ঃ | পরিশিষ্ট "ক" তে দেখানো হয়েছে। |

সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যকে আন্তরিক শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার শুরুতে সভাপতি সরকারের খাদ্যশস্য সংগ্রহের গুরুত্ব সম্পর্কে সংক্ষিপ্ত বক্তব্য রাখেন।

সভাপতির অনুমতিক্রমে সদস্য-সচিব উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, মুজিবনগর, মেহেরপুর খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকার ২৭/০৪/২০২৬ খ্রিঃ তারিখের ১৩.০০.০০০০.০০০.০৪৩.৩৫.০০০১.২৬.৩৫ নং স্মারকের পরিপত্র এবং জেলা সংগ্রহ কমিটির ২৯/০৪/২০২৬ খ্রীঃ তারিখের ৬১৪ নং স্মারকের খাদ্য শস্য সংগ্রহের রেজুলেশনসহ অভ্যন্তরীণ বোরো ধান সংগ্রহ/২০২৬ এর আওতায় ধান সংগ্রহের লক্ষ্যমাত্রা, মূল্য, সময়সীমা ও মুজিবনগর উপজেলার বিভাজন সংক্রান্ত পত্র এবং সংগ্রহ সংক্রান্ত নীতিমালা সভায় পাঠ করে শোনান।মুজিবনগর উপজেলার জন্য ধান সংগ্রহের লক্ষ্যমাত্রা ৩৪৬.০০০ মেঃটন। প্রতি কেজি ধানের সংগ্রহ মূল্য ৩৬/-( ছত্রিশ) টাকা । ধান সংগ্রহের সময়সীমা ০৩/০৫/২০২৬ খ্রিঃ হতে ৩১/০৮/২০২৬ খ্রিঃ পর্যন্ত। উপজেলা কৃষি অফিস, মুজিবনগর থেকে প্রাপ্ত ধান আবাদকারী কৃষকের তালিকার মধ্যে হতে ধান সরাসরি কৃষকের নিকট হতে "আগে আসলে আগে সরবরাহ করতে পারবেন" ভিত্তিতে ধান সংগ্রহ/ক্রয় করতে হবে। উপজেলা কৃষি অফিস কর্তৃক চলতি মৌসুমে উৎপাদিত বোরো ধানের ইউনিয়নওয়ারী বিভাজন নিম্নরুপ ঃ দারিয়াপুর-৭০.০০০ মেঃ টন, মোনাখালি-৬৮.০০০ মেঃ টন, বাগোয়ান-১৪০.০০০ মেঃ টনঃ , মহাজনপুর-৬৮.০০০ মেঃ টন।

**আলোচনা :** উপজেলার জন্য নির্ধারিত ধান সংগ্রহের লক্ষ্যমাত্রা পূরণের বিভিন্ন দিক নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। সভাপতি মহোদয় নীতিমালায় বর্ণিত বিনির্দেশ মোতাবেক ধান ক্রয়ের বিষয়ে সংশ্লিষ্ট সকলকে সতর্ক থাকার জন্য নির্দেশ দেন। উপজেলা খাদ্যশস্য সংগ্রহ ও মনিটরিং কমিটির সম্মানিত সভাপতি ও উপজেলা নির্বাহী অফিসার মুজিবনগর, মেহেরপুর, উপজেলা কৃষি অফিসার, মুজিবনগর, মেহেরপুর এবং অন্যান্য সদস্যগণ জানান, বর্তমানে ধানের বাজার মূল্য সরকারী ক্রয় মূল্য অপেক্ষা কম। সে প্রেক্ষিতে দ্রুততম সময়ের মধ্যে ধান সংগ্রহের লক্ষ্যমাত্রা অর্জনের চেষ্টা এবং প্রকৃত কৃষকের নিকট হতে ধান ক্রয় সম্পন্ন করার জন্য সভায় আলোচনা হয়। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, মুজিবনগর, আরো জানান যে, মুজিবনগর উপজেলায় কোন এলএসডি না থাকায় দারিয়াপুর,মোনাখালী ও বাগোয়ান ইউনিয়নের ধান মেহেরপুর সদর খাদ্য গুদামে এবং মহাজনপুর ইউনিয়নের ধান আমঝুপি খাদ্য গুদামে ক্রয় করা যেতে পারে।কমিটির অন্যতম সদস্য কৃষক প্রতিনিধি জনাব নূর- উদ্দিন আস সাদি বলেন, মুজিবনগর উপজেলায় এবারের ধান সংগ্রহের লক্ষ্যমাত্রা খুবই কম হয়েছে। লক্ষ্যমাত্রা বৃদ্ধি পেলে অধিক সংখ্যক কৃষক উপকৃত হতো।
সংগ্রহের বিভিন্ন দিক নিয়ে সভায় বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয় :

## সিদ্ধান্তসমূহ :

১। ধান সংগ্রহের ক্ষেত্রে ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং উপজেলা কৃষি অফিস, মুজিবনগর থেকে প্রাপ্ত ধান আবাদকারী কৃষকের তালিকায় অর্ন্তভুক্ত কৃষকদের মধ্যে হতে "আগে আসলে আগে সরবরাহ করতে পারবেন" ভিত্তিতে ধান সংগ্রহ/ক্রয় করার সিদ্ধান্ত গৃহীত হলো।

২। জাতীয় পরিচয়পত্র অথবা কৃষি উপকরণ সহায়তা কার্ডের ভিত্তিতে কৃষক সনাক্তকরণের মাধ্যমে সরাসরি কৃষকের নিকট হতে ধান সংগ্রহ/ক্রয় করতে হবে। কৃষকের উপস্থিতি নিশ্চিত হয়ে দিনের আগত ধান পর্যায়ক্রমে সারিবদ্ধভাবে যানবাহন রেখে তালিকা প্রস্তুত করে তালিকার মধ্য থেকে ক্রমানুসারে ভারপ্রাপ্ত কর্মকর্তা, মেহেরপুর সদর/আমঝুপি খাদ্য গুদাম ধান সংগ্রহ শুরু করবেন। এছাড়াও ভারপ্রাপ্ত কর্মকর্তা অবশ্যই ধান সরবরাহকারী/বিক্রয়কারী কৃষকের মোবাইল ফোন নং বাধ্যতামূলকভাবে সংরক্ষণ করবেন।

৩। ধান ক্রয়ে গুণগত মান অক্ষুন্ন রেখে নীতিমালায় বর্ণিত বিনির্দেশ মোতাবেক ধান ক্রয় করতে হবে। কোন ক্রমেই বিনির্দেশ বর্হিভূত ধান ক্রয় করা যাবে না। ধান সংগ্রহের ক্ষেত্রে কোন কৃষক যদি বিনির্দেশ বর্হিভূত ধান বিক্রির জন্য গুদামে নিয়ে

আসেন, সেক্ষেত্রে সংশ্লিষ্ট কৃষককে তার নিজ খরচে ও নিজ ব্যবস্থাপনায় ঝাড়াই-বাছাই সম্পন্ন করে ও শুকিয়ে উক্ত ধান বিনির্দেশ সম্মত করে গুদামে বিক্রয়ের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৪। একজন কৃষক সর্বনিম্ন ৩ বস্তা (১২০ কেজি) এবং সর্বোচ্চ ৩.০০০ মেঃ টন ধান গুদামে সরবরাহ/বিক্রয় করতে পারবেন। বিক্রিত ধানের মূল্য সংশ্লিষ্ট কৃষকের ব্যাংক হিসাবের মাধ্যমে পরিশোধ করতে হবে।

৫। দারিয়াপুর,মোনাখালী ও বাগোয়ান ইউনিয়নের ধান মেহেরপুর সদর খাদ্য গুদামে এবং মহাজনপুর ইউনিয়নের ধান আমঝুপি এলএসডিতে ক্রয়ের সিদ্ধান্ত গৃহীত হলো।

৬। সংগ্রহ নীতিমালার নির্দেশনা পুরোপুরি অনুসরণ করে উপজেলার ধার্যকৃত লক্ষ্যমাত্রার ধান ৩১/০৮/২০২৬ তারিখের মধ্যে সংগ্রহ সম্পন্ন করতে হবে। বোরো ধান সংগ্রহ/২০২৬ কার্যক্রম সফল করতে সংশ্লিষ্ট সকলকে তৎপর ও উদ্যোগী ভূমিকা রাখতে হবে।

৭। ধান সংগ্রহের ক্ষেত্রে মহিলা ও প্রান্তিক কৃষকদের অবশ্যই অগ্রাধিকার দিতে হবে।

৮। সংশ্লিষ্ট খাদ্য গুদামের ভারপ্রাপ্ত কর্মকর্তা সংগৃহীত ধানের মান বিনির্দেশ সম্মত নিশ্চিত হয়ে বিভাজন অনুযায়ী ধান সংগ্রহ করবেন। বিনির্দেশ বহির্ভূত ধান ক্রয় করা হলে সংশ্লিষ্ট খাদ্য গুদামের ভারপ্রাপ্ত কর্মকর্তা সরাসরি একককভাবে দায়ী থাকবেন।

৯। কোন কৃষক যাতে ধান বিক্রয়কালে কোনরূপ হয়রানির শিকার না হয় এবং নির্বিঘ্নে ধান বিক্রয় করতে পারেন, সে বিষয়ে সংশ্লিষ্ট সকলকে সতর্ক থাকতে হবে।

১০। ধান বিক্রয় শেষে কৃষক মুজিবনগর উপজেলা সোনালী ব্যাংক শাখায় ১০/= টাকার হিসাব খুলে উক্ত হিসাবের অনুকূলে WQSC এর মাধ্যমে বিক্রিত ধানের মুল্য গ্রহন করবেন /প্রাপ্ত হবেন।

১১। পরবর্তিতে অতিরিক্ত কোন বরাদ্দ পাওয়া গেলে সেক্ষেত্রে অত্র সিদ্দান্তের আলোকে ধান ক্রয়ের সিদ্দান্ত গৃহীত হলো।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৩০।০৪।২০২৬

(সাইফুল হুদা)
উপজেলা নির্বাহী অফিসার,
মুজিবনগর, মেহেরপুর।
ও
সভাপতি
উপজেলা খাদ্যশস্য সংগ্রহ ও মনিটরিং কমিটি।

স্মারক নং ১৩.০৫.৫৭৬০.৭০৮.৪৫.০০৪.০৭. ২৬০ তারিখ ঃ ৩০/০৪/২০২৬খ্রিঃ।

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলোঃ (জেষ্ঠ্যতার ভিত্তিতে নয়)।

১।মাননীয় সংসদ সদস্য ৭৩,মেহেরপুর-১
২। জেলা প্রশাসক , মেহেরপুর।
৩। জেলা খাদ্য নিয়ন্ত্রক, মেহেরপুর।
৪। উপজেলা নির্বাহী অফিসার, মুজিবনগর, মেহেরপুর । সভাপতি, উপজেলা খাদ্যশস্য সংগ্রহ কমিটি।
৫। উপজেলা কৃষি অফিসার, মুজিবনগর, মেহেরপুর । সদস্য, উপজেলা খাদ্যশস্য সংগ্রহ কমিটি।
৬। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মুজিবনগর, মেহেরপুর । সদস্য, উপজেলা খাদ্যশস্য সংগ্রহ কমিটি।
৭। সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, মুজিবনগর, মেহেরপুর । সদস্য, উপজেলা খাদ্যশস্য সংগ্রহ কমিটি।
৮-১১। চেয়ারম্যান, দারিয়াপুর/মোনাখালী/বাগোয়ান/মহাজনপুর ইউনিয়ন পরিষদ, মুজিবনগর, মেহেরপুর।
১২। মোঃ নুর উদ্দিন আস-সাদি, কৃষক প্রতিনিধি মুজিবনগর, মেহেরপুর ও সদস্য, উপজেলা খাদ্যশস্য সংগ্রহ কমিটি।
১৩-১১।ভারপ্রাপ্ত কর্মকর্তা মেহেরপুর সদর/আমঝুপি এল,এস,ডি।
১৫।খাদ্য পরিদর্শক/ উপ- খাদ্য পরিদর্শক অত্র দপ্তর । প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য।
১৬।অফিস কপি

(মোহাঃ এরশাদ আলী)
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক(অঃদাঃ)
মুজিবনগর, মেহেরপুর
ও
সদস্য সচিব
উপজেলা খাদ্যশস্য সংগ্রহ ও মনিটরিং কমিটি।